

বিজ্ঞপ্তি নং- ০৫.৪৩.৮১০০.০৩৪.০০১.০১১.১৯.১৪৮

তারিখ: ২০ কার্তিক ১৪২৬ বঙ্গাব্দ  
০৪ নভেম্বর ২০১৯ খ্রিষ্টাব্দ

## বিজ্ঞপ্তি


উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে সর্বসাধারণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তরের ৩০ মে ২০১৯ ইং তারিখের ৫৬.০৪.০০০০.০১০.২০.০০২.১৮-১০৪২ স্মারকের প্রেক্ষিতে জেলা প্রশাসন, রাজশাহী এর তত্ত্বাবধানে এবং তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, জেলা কার্যালয়, রাজশাহী এর ব্যবস্থাপনায় জেলা পর্যায়ে ২০ (বিশ) জন প্রশিক্ষণার্থীর সমন্বয়ে ১৫ (পনের) দিনব্যাপী আউটসোর্সিং প্রশিক্ষণ অনুষ্ঠিত হবে। উক্ত প্রশিক্ষণে অংশগ্রহণের জন্য নিম্নোক্ত শর্তাধীনে প্রার্থীদের নিকট হতে দরখাস্ত আহবান করা যাচ্ছেঃ

### শর্তাবলীঃ

- ১। শিক্ষাগত যোগ্যতা: সর্বনিম্ন এইচ. এস. সি বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ।
- ২। বেসিক আইসিটি, ইন্টারনেট ব্রাউজিং ও বেসিক ফটোশপের দক্ষতা থাকতে হবে।
- ৩। ফ্রিল্যান্সিংকে পেশা হিসেবে গ্রহণে ইচ্ছুক এমন প্রার্থীকে অগ্রাধিকার দেওয়া হবে।
- ৪। প্রশিক্ষণার্থীর অবশ্যই ল্যাপটপ, মাল্টিপ্লাগ, মডেম ইত্যাদি থাকতে হবে।
- ৫। আগামী ০৬/১১/২০১৯ খ্রি. তারিখের মধ্যে সংযুক্ত ফরমে আবেদন করতে হবে, আবেদনের সঙ্গে শিক্ষাগত যোগ্যতা এবং জাতীয় পরিচয়পত্র/ জন্ম সনদের ছায়ালিপি সংযুক্ত করতে হবে।
- ৬। আবেদনপত্রটি অফিস চলাকালীন সময় জেলা প্রশাসকের কার্যালয়, রাজশাহী এর আইসিটি শাখায় (কক্ষ নং- ২২৫) জমা দিতে হবে।
- ৭। প্রশিক্ষণার্থীকে প্রশিক্ষণ শেষে সার্টিফিকেট প্রদান করা হবে।
- ৮। প্রশিক্ষণার্থীকে নিজ ব্যবস্থাপনায় থাকা-খাওয়ার ব্যবস্থা করতে হবে।
- ৯। মৌখিক পরীক্ষার মাধ্যমে প্রশিক্ষণার্থী নির্বাচন করা হবে। মৌখিক পরীক্ষা ০৭/১১/২০১৯ তারিখ, সকাল ১০.০০ টায় জেলা প্রশাসকের কার্যালয়, রাজশাহীতে অনুষ্ঠিত হবে।
- ১০। মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন প্রকার টিএ/ ডিএ প্রদান করা হবে না।
- ১১। প্রশিক্ষণ চলাকালীন সময়ে প্রশিক্ষণার্থীদের দৈনিক জনপ্রতি ৩০০/- ভাতা প্রদান করা হবে।

কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকেই যে কোন আবেদন বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করেন।

সংযুক্তিঃ বর্ণনামতে- আবেদন ফরম - ০১ (এক) পাতা

  
(মো. হামিদুল হক)  
জেলা প্রশাসক  
রাজশাহী

ফোন নং: ০৭২১-৭৭২০৫০ (অফিস)  
সাহা

### অনুলিপি সদয় অবগতি/কার্যার্থে (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

- ১। সিনিয়র সচিব, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ, আইসিটি টাওয়ার, আগারগাঁও, ঢাকা-১২০৭
- ২। মহাপরিচালক, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, আইসিটি টাওয়ার, আগারগাঁও, ঢাকা-১২০৭
- ৩। বিভাগীয় কমিশনার, রাজশাহীবিভাগ, রাজশাহী
- ৪। উপজেলা নির্বাহী অফিসার, ----- (সকল), রাজশাহী(তৌর উপজেলায় বিজ্ঞপ্তিটি ব্যাপক প্রচারের জন্য অনুরোধ করা হলো)।
- ৫। সহকারী প্রোগ্রামার, -----(সকল), রাজশাহী; তার কার্যালয়ের ওয়েব পোর্টালে আপলোড ও ব্যাপক প্রচারের জন্য অনুরোধ করা হলো।

বরাবর  
জেলা প্রশাসক  
রাজশাহী।

৫x৫ সে.মি. ছবি.  
(সম্প্রতি তোলা, দুই কপি)

বিষয়ঃ আউটসোর্সিং প্রশিক্ষণ এর জন্য আবেদন।

১.	প্রশিক্ষণের নাম : আউটসোর্সিং প্রশিক্ষণ													
২.	বিজ্ঞপ্তি নম্বর : ০৫.৪৩.৮১০০.০৩৪.০০১.০১১.১৯.১৪৮					তারিখ:								
						দি	ন	মা	স	ব	৭	স	র	
						০	৪	১	১	২	০	১	৯	
৩.	প্রার্থীর নাম	বাংলা: ইংরেজীতে ( বড় অক্ষরে) :												
৪.	জাতীয় পরিচয় পত্র নম্বর:													
	জন্ম নিবন্ধন নম্বর:													
৫.	জন্ম তারিখ:	দি	ন	মা	স	ব	৭	স	র	৬. জন্ম স্থান (জেলা):				
৭.	বিজ্ঞপ্তিতে উল্লিখিত তারিখে প্রার্থীর বয়স:	বছর					মাস					দিন		
৮.	মাতার নাম:													
৯.	পিতার নাম:													
১০.	ঠিকানা :	বর্তমান						স্থায়ী						
	বাসা ও সড়ক (নাম/নম্বর):													
	গ্রাম/পাড়া/মহল্লা:													
	ইউনিয়ন/ওয়ার্ড:													
	ডাকঘর:													
	পোস্টকোড নম্বর:													
	উপজেলা:													
	জেলা:													
১১.	যোগাযোগ:	মোবাইল/টেলিফোন নম্বর:					ই-মেইল:							
১২.	জাতীয়তা:						১৩.	জেন্ডারঃ						
১৪.	ধর্ম :						১৫.	পেশা						
১৬.	শিক্ষাগত যোগ্যতা:													
	পরীক্ষার নাম	বিষয়	শিক্ষা প্রতিষ্ঠান	পাসের সন	বোর্ড/বিশ্ববিদ্যালয়	গ্রেড/শ্রেণি/বিভাগ								
১৭.	অতিরিক্ত যোগ্যতা (যদি থাকে):													
১৮.	অভিজ্ঞতার বিবরণ ( প্রয়োজ্য ক্ষেত্রে):													
১৯.	ল্যাপটপ আছে কি না : হ্যাঁ / না।													
আমি এ মর্মে অঙ্গীকার করছি যে, ওপরে বর্ণিত তথ্যাবলি সম্পূর্ণ সত্য। কোন তথ্য অসত্য প্রমাণিত হলে আইনানুগ শাস্তি ভোগ করতে বাধ্য থাকব।														
তারিখঃ														
	প্রার্থীর স্বাক্ষর													